Janata Bank Limited

জনতা ব্যাংক লিমিটেড
সিআইবি ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়, ১১০, মতিঝিল বা/এ (১৭তম তলা), ঢাকা-১০০০।
ফোন-৭১১৩৩০৩, এক্সটেনশন-৩৩৭, ৫১২, পিএবিএক্স- ৯৫৬০০০০, ৯৫৬৬০২০, ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫ ৪৯, ৯৫৬০০২৭-৩০, ৯৫৫৬২৪৫-৪৯, ৯৫৬০০৪২-৪৩,৯৫৬৫০৪১-৪৩, ৯৫৫৬১৩-১৪, ৯৫৬৬০২৮-২৯
SWIFT : JANBBDDH, WEBSITE : www.janatabank-bd.com, E-mail :jbcib@janatabank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৬৮৬/১২

তারিখঃ ০১ জুলাই, ২০১২ / ১৭ আষাঢ়, ১৪১৯

সকল উপ-মহাব্যবস্থাপক,
সকল সহকারী মহাব্যবস্থাপক,
প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/বিভাগীয় কার্যালয়/
এরিয়া অফিস/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ,
সকল শাখা ব্যবস্থাপক,
জনতা ব্যাংক লিমিটেড,
বাংলাদেশ।

বিষয়ঃ Online System এ CIB Report এর Service Charge এর হার সংশোধন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখ: ০৪/০৫/২০১১ এর আলোকে প্রঃ কাঃ নিঃ বিঃ নং-৩০১/১১ তারিখ-০৬/০৬/২০১১ জারী করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিতে সিআইবি ইনকোয়ারীর সার্ভিস চার্জ আদায়ের হার এবং আদায় পদ্ধতির বিষয়ে আলোকপাত করা হয়েছে। অন্যান্য রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকে সার্ভিস চার্জের হার আমাদের হারের চেয়ে অধিক হওয়ায় অত্র ব্যাংকের এই হার অন্যান্য ব্যাংকের সমপর্যায়ে উন্নিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে Online System এ CIB Report এর Service Charge নিম্নরূপভাবে সংশোধন করা হলো এবং উহার আদায় পদ্ধতি বিস্তারিত বর্ণনা করা হলো। ০১/০৭/২০১২ হতে নিম্নবর্ণিত সার্ভিস চার্জের হার কার্যকর হবে।

(১) ০১/০৭/২০১২ হতে কার্যকর সার্ভিস চার্জের হার:-

গ্রাহকের ধরন	সার্ভিস চার্জের ন্যুনতম হার	সার্ভিস চার্জের বিস্তারিত হার			মন্তব্য
		মূল গ্রাহক (যে নামে সিআইবি রিপোর্ট প্রয়োজন)	ওনার (Chairmen/ MD/ Director/ Partner/Co-Borrower /Guarantor/ Proprietor)	সহযোগী প্রতিষ্ঠান (Related Business)	ন্যুনতম ও বিস্তারিত হার - এ দু'টির মধ্যে যে টি বেশী -সেটি আদায়যোগ্য হবে।
Individual	৩০০/-	৩০০/-	-	প্রতিটির জন্য ৫০/-	
Proprietory Concern	৫০০/-	২৫০/-	২৫০/-	প্রতিটির জন্য ৫০/-	
Company (Any institution other than Proprietory Concern)	১০০০/-	৫০০/-	প্রতিটির জন্য-২৫০/-	প্রতিটির জন্য ৫০/-	

(২) সরকারী প্রতিষ্ঠান, এনজিও, কর্পোরেশন ইত্যাদি যাদের কোন Owner/Shareholder ডাটাবেজে নেই বা যাদেরকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সিআইবি রিপোর্টিং হতে অব্যাহতি প্রদান করা হয়েছে তাদের ক্ষেত্রে শুধু প্রতিষ্ঠানটির জন্য ৫০০/-টাকা এবং প্রতিটি সহযোগী দায়ের জন্য ৫০/-টাকা হারে (কোম্পানীটির ১০টি সহযোগী দায় থাকলে ৫০০+৫০x১০=১০০০/-টাকা) আদায় করতে হবে।

চলমান ২য় পাতা

বিষয়ঃ Online System এ CIB Report এর Service Charge এর হার সংশোধন প্রসঙ্গে।

(৩) শাখা কর্তৃক প্রধান কার্যালয়ের সিআইবি ডিপার্টমেন্টে প্রেরিত প্রতিটি ইনকোয়ারী রিকোয়েষ্ট এর বিপরীতে উপরোক্ত হারে সার্ভিস চার্জ গ্রাহকের সঞ্চয়ী/চলতি/এসটিডি হিসাব বিকলন করে আদায় করতঃ আদায়কৃত টাকা শাখার Sundry Deposit Account (S/C on CIB Inquiry, Sub Code No-45) খাতে জমা করতে হবে। প্রতিটি শাখা সংযুক্ত ছক-'ক'তে প্রদত্ত প্রফর্মা মোতাবেক একটি রেজিষ্টারে উক্ত খাতে জমাকৃত টাকার হিসাব সংরক্ষন করবে।

(৪) প্রধান কার্যালয়ের সিআইবি ডিপার্টমেন্ট প্রতিটি সিআইবি রিপোর্ট এর সাথে একটি ফরোয়ার্ডিং প্রদান করে থাকে এবং উহাতে আদায়যোগ্য সার্ভিস চার্জ এর অংক উল্লেখ করে থাকে। শাখা কর্তৃক ইনকোয়ারী রিকোয়েষ্ট প্রেরনকালে সিআইবি ডিপার্টমেন্ট এর ফরোয়ার্ডিং এ উল্লেখিত টাকার চেয়ে কম টাকা আদায় করা হয়ে থাকলে বাকী টাকা সিআইবি রিপোর্ট পাওয়ার সাথে সাথে শাখার Sundry Deposit Account এ জমা করতে হবে।

(৫) শাখা কর্তৃক ভুল বরোয়ার কোড উল্লেখ করা হলে, বরোয়ার কোড আছে এমন বরোয়ারের কোড উল্লেখ না করা হলে, রিপোর্টযোগ্য ঋণ অনলাইন সিস্টেমে রিপোর্ট না করে (মাসিক সিআইবি বিবরণীতে অর্ন্তভুক্ত না করে) সিআইবি রিপোর্ট চাওয়া হলে প্রধান কার্যালয়ের সিআইবি ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত ফরোয়ার্ডিং এ সার্ভিস চার্জ দ্বিগুণ উল্লেখ করা হয়ে থাকে, কারণ এ সকল ক্ষেত্রে একাধিক বার সার্চ করার প্রয়োজন হয় এবং প্রতিটি সার্চ এর জন্য বাংলাদেশ ব্যাংককে সার্ভিস চার্জ পরিশোধ করতে হয়।

(৬) কোন শাখা যত সেট ইনকোয়ারী ফরম প্রধান কার্যালয়ের সিআইবি ডিপার্টমেন্টে প্রেরন করবে ততবার সার্ভিস চার্জ আদায়যোগ্য হবে। একই বরোয়ারের বিপরীতে একাধিক ফরোয়ার্ডিং সম্বলিত সিআইবি রিপোর্ট পাওয়া গেলে ধরে নিতে হবে যে, শাখা কর্তৃক একই বরোয়ারের বিপরীতে একাধিক ইনকোয়ারী সেট প্রেরন করা হয়েছে এবং প্রতিটির জন্য প্রধান কার্যালয়ের সিআইবি ডিপার্টমেন্ট কর্তৃক সার্চ করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংককে সার্ভিস চার্জ পরিশোধ করা হয়ে হয়েছে।

(৭) কোন শাখা অত্র কার্যালয়ে প্রেরিত প্রতিটি ইনকোয়ারী রিকোয়েষ্ট এর বিপরীতে উপরোক্ত হারে গ্রাহকের সঞ্চয়ী/চলতি/এসটিডি হিসাব বিকলন করে আদায় না করলে কিংবা আদায়কৃত টাকা Sundry Deposit Account (S/C on CIB Inquiry, Sub Code No-45) খাতে জমা না করলে কিংবা কম টাকা আদায়/জমা করলে তার জন্য সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৮) প্রতি নভেম্বর মাসের শেষ কর্ম দিবস পর্যন্ত শাখার Sundry Deposit Account (S/C on CIB Inquiry, Sub Code No-45) খাতে জমাকৃত টাকার (নভেম্বরের শেষ কর্মদিবসের সমুদয় ব্যালেন্স) একটি CIBTCA সংযুক্ত ছক 'গ' মোতাবেক একটি বিবরণসহ তাদের সরাসরি নিয়ন্ত্রনকারী আঞ্চলিক কার্যালয়/এরিয়া অফিস/বিভাগীয় কার্যালয় এর হিসাব সংরক্ষনকারী শাখার উপর প্রস্তত করতঃ তাদের সরাসরি নিয়ন্ত্রনকারী কার্যালয়ে ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে দাখিল করবে। নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ তাদের সরাসরি নিয়ন্ত্রনাধীন শাখাসমুহের CIBTCAসমূহ রেসপন্ড করতঃ একটি সমম্বিত CIBTCA সেন্ট্রাল অফিসের (৯৯৯৯) উপর প্রস্তত করে সংযুক্ত ছক-'খ' মোতাবেক একটি বিবরণীসহ প্রঃ কাঃ এর সিআইবি ডিপার্টমেন্টে ডিসেম্বর মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করবে। স্থানীয় কার্যালয় ও সকল কর্পোরেট শাখা-১ ও ২ Sundry Deposit Account(S/C on CIB Inquiry, Sub Code No-45) খাতে জমাকৃত টাকার CIBTCA সেন্ট্রাল অফিসের (৯৯৯৯) উপর প্রস্তত করতঃ সংযুক্ত ছক-'খ' মোতাবেক একটি বিবরণীসহ সরাসরি সিআইবি ডিপার্টমেন্টে ডিসেম্বর মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করবে। সিআইবি ডিপার্টমেন্ট প্রাপ্ত CIBTCAগুলি রেসপন্ড করতঃ স্থানীয় কার্যালয়ের উপর একটি সমম্বিত CIBTCA প্রস্তত করে স্থানীয় কার্যালয়ে প্রেরন করবে। স্থানীয় কার্যালয় এ CIBTCA এর টাকা বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট হিসাবে জমার মাধ্যমে ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিকলনকৃত এন্ট্রিসমূহ সমম্বয় করবে।

চলমান ৩য় পাতা

বিষয়ঃ Online System এ CIB Report এর Service Charge এর হার সংশোধন প্রসঙ্গে।

(৯) এখন হতে প্রঃ কাঃ নিঃ বিঃ নং-৩০৬/১১ তারিখঃ ২১/০৭/২০১১ মোতাবেক ইনকোয়ারী ফরম প্রেরন না করা হলে সিআইবি রিপোর্ট প্রদান করা হবে না। উক্ত ইনকোয়ারী ফরম রিকোইজিশন এর মাধ্যমে এরিয়া/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সিআইবি ডিপার্টমেন্ট হতে সংগ্রহ করা যাবে। Online System এ কোন রিপোর্টযোগ্য ঋণ রিপোর্ট না করা হয়ে থাকলে উহার সিআইবি রিপোর্ট প্রদান করা সম্ভব নয়।

(১০) সিআইবি ইনকোয়ারী ফরমে ভুল/বিকৃত/আংশিক তথ্য প্রদান করার কারণে ভুল/অসম্পূর্ণ সিআইবি রিপোর্ট পাওয়া গেলে এতদসংক্রান্ত জটিলতার সকল দায়-দায়ীত্ব ইনকোয়ারী ফরমে স্বাক্ষরকারী কর্মকর্তাদের উপর বর্তাবে।

(১১) এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সিআইবি ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত

(মোঃ হারুন অর রশিদ)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ দাউদ আহমেদ সিকদার)
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

১। সচিব, পরিচালনা পর্ষদ, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। উপ-ব্যবস্থাপনা পরিচালকগণের এর ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল মহাব্যবস্থাপকের ব্যক্তিগত সহকারী, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/খুলনা/সিলেট; চীফ এক্সিকিউটিভ অফিস, ইউ.এ.ই ।
৫। নথি

সূত্র নিঃ বিঃ নং- ছক-'ক'

(শাখা কর্তৃক সংরক্ষনতব্য রেজিষ্টার)

"Sundry Deposit A/C, Service Charge on CIB Inquiry খাতে টাকা জমাকৃত টাকার বিবরণঃ

(১লা ডিসেম্বর হতে ৩০ নবেম্বর পর্যন্ত সময়ে জমাকৃত টাকার বিবরণ)

ক্রমিক নং	গ্রাহকের নাম ও হিসাব নং	সিআইবি ইনকোয়ারী ফরম প্রেরনকালে আদায়কৃত সার্ভিস চার্জ	সিআইবি ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত ফরোয়ার্ডিং এ উল্লেখিত সার্ভিস চার্জ	৩ নং কলাম এ উল্লেখিত টাকা Sundry Deposit খাতে জমার তারিখ	৪নং কলাম এ উল্লেখিত বাকী টাকা (কলাম ৪-৩) Sundry Deposit খাতে জমার তারিখ	ব্যবস্থাপক এর অনুস্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭
সর্বমোট						

ছক-'খ'

জনতা ব্যাংক লিমিটেড
আঞ্চলিক কার্যালয়/এরিয়া অফিস/বিভাগীয় কার্যালয়
....কর্পোরেট শাখা

....
১লা ডিসেম্বর হতে ৩০ নবেম্বর পর্যন্ত সময়ে আদায়কৃত সার্ভিস চার্জের বিবরণী

ক্রমিক নং	শাখার নাম	সিআইবি রিপোর্টের জন্য প্রেরিত বরোয়ার সংখ্যা	CIBTCA নম্বর ও তারিখ	টাকা	মন্তব্য
১	২	৩	৪	৫	
সর্বমোট					

স্বাক্ষর

অফিসার ম্যানেজার/এজিএম/ডিজিএম

ছক-‘গ”

মোট বরোয়ার/গ্রাহক সংখ্যা				CIBTCA নম্বর ও তারিখ	টাকার অংক	মন্তব্য
ব্যক্তি	প্রোপ্রাইটরী কনসার্ন	কোম্পানী	মোট			

স্বাক্ষর

অফিসার   ম্যানেজার/এজিএম/ডিজিএম